

গভীর রজনী নামিল হৃদয়ে, আর কোলাহল নাই ।
রহি রহি শুধু সুদূর সিন্ধুর ধ্বনি শুনিবারে পাই ॥
সকল বাসনা চিত্তে এল ফিরে, নিবিড় আঁধার ঘনালো বাহিরে—
প্রদীপ একটি নিভৃত অন্তরে জ্বলিতেছে এক ঠাঁই ॥
অসীম মঙ্গলে মিলিল মাধুরী, খেলা হল সমাধান ।
চপল চঞ্চল লহরীলীলা পারাবারে অবসান ।
নীরব মল্লৈ হৃদয়মাঝে শান্তি শান্তি শান্তি বাজে,
অরূপকান্তি নিরখি অন্তরে মুদিতলোচনে চাই ॥

Parjaay: Puja, Taal: Rupakra, Raag: Paraj Basaanta
Visit www.geetabitan.com for notation and other detail